

## REGIONAL NEWS

UNIT

ALL INDIA RADIO, AGARTALA

Date:12-05-2024

Time: 07.35-07.40 AM Hrs

BENGALI MORNING BULLETIN

---

**Campaigning For 4th phase election ends yesterday :**

লোকসভা নির্বাচনের চতুর্থ ধাপের প্রচার, অন্ধ্র প্রদেশের একক-পর্যায়ের বিধানসভা নির্বাচন এবং ওড়িশায় বিধানসভা নির্বাচনের প্রথম পর্যায়ের প্রচার গতকাল সন্ধ্যায় শেষ হয়েছে। সোমবার, আগামীকাল, চতুর্থ ধাপে ৯৬টি লোকসভা কেন্দ্রে ৯টি রাজ্য এবং একটি কেন্দ্রশাসিত অঞ্চল জুড়ে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে।

একই সাথে, অন্ধ্র প্রদেশের সমস্ত ১৭৫টি আসনের সবকটিতে এবং ওড়িশার ১৪৭টি আসনের মধ্যে ২৮টির জন্য বিধানসভা নির্বাচনও সোমবার অর্থাৎ আগামীকাল অনুষ্ঠিত হবে।

\*\*\*\*\*

**65.68% voter turnout recorded in 3rd phase :**

৭ই মে অনুষ্ঠিত লোকসভা নির্বাচনের তৃতীয় ধাপে মোট ৬৫.৬৮ শতাংশ ভোট পড়েছে। এর মধ্যে ৬৬.৮৯ শতাংশ পুরুষ, ৬৪.৪১ শতাংশ মহিলা এবং ২৫.২ শতাংশ তৃতীয় লিঙ্গের ব্যক্তি।

\*\*\*\*\*

**PM to attend 4 Rallies in West Bengal today :**

নির্বাচনের বাকি পর্যায়ের জন্য জমে উঠেছে প্রচার অভিযান। প্রধানমন্ত্রী এবং ভারতীয় জনতা পার্টির বরিষ্ঠ নেতা নরেন্দ্র মোদী আজ পশ্চিম বঙ্গে লোকসভা নির্বাচনের আগামী পর্যায়গুলোর জন্য দলের প্রার্থী দের সমর্থনে চারটি জনসভায় ভাষণ দেবেন। তিনি গতকাল রাতে কোলকাতা পৌঁছে যান।

শ্রী মোদী আজ প্রথমে দলের ব্যারকপুরের প্রার্থী র সমর্থনে উত্তর চব্বিশ পরগনার জগৎদলে জনসভায় বক্তব্য রাখবেন। এরপর তিনি হাওড়ার পন্চলা, হুবলীর চিন সুরা, ও পুরসুরায় মোট তিনটি জনসভায় ভাষণ দেবেন।

\*\*\*\*\*

**Congress President Mallikarjun Kharge :**

কংগ্রেস অধ্যক্ষ মল্লিকার্জুন খড়্গে বিহারের পাটনায় সংবাদ মাধ্যমের সাথে কথা বলার সময় বলেন, লোকসভা নির্বাচনকে প্রভাবিত করার জন্য I. N. D. I. জোটের নেতা দের নিশানা করা হচ্ছে। তিনি বেকারত্ব, দ্রব্য মূল্য বৃদ্ধি এবং দারিদ্রতা ইস্যুতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর কথিত বক্তব্যের উপর প্রশ্ন তোলেন।

\*\*\*\*\*

**Lok Adalat disposed :**

গতকাল দ্বিতীয় জাতীয় লোক আদালতে নিষ্পত্তি হয়েছে ১০ হাজার ১৪৭টি মামলা। রাজ্য আইনসেবা কর্তৃপক্ষের সদস্য সচিব ঝুমা দত্ত চৌধুরী জানিয়েছেন, লোক আদালতে রাজ্যে ৪২টি বেঞ্চে ১৭ হাজার ৯৩৮টি মামলা নিষ্পত্তির জন্য তোলা হয়েছিল। এরমধ্যে আদালতে বিচারাধীন ১৩ হাজার ৮৬৪টি মামলার মধ্যে নিষ্পত্তি হয় ৯ হাজার ৭২৪টি মামলা। এ ছাড়া মামলা পূর্ববর্তী

বিরোধ সংক্রান্ত ৪ হাজার ৭৪টি মামলার মধ্যে ৪২৩ টি নিষ্পত্তি হয়।

\*\*\*\*\*

**Update Akashvani :**

শ্রোতাবন্ধুরা, আকাশবাণীর সংবাদ সহ বিবিধ খবরের বিস্তারিত আপডেট পেতে লগ ইন করুন - ডব্লিউ, ডব্লিউ, ডব্লিউ ডট, নিউজ অন এআইআর ডট কম এবং নিউজ অন এআইআর অ্যাপ, এবং টুইটার অর্থাৎ এক্স প্ল্যাটফর্মে। আপডেট পেতে দেখুন আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এআইআর নিউজ আগরতলা এবং ইউ টিউবে এআইআর নিউজ আগরতলা।

\*\*\*\*\*

**Nurse Day/ GB Hospital :**

আজ আন্তর্জাতিক নার্স দিবস। এ উপলক্ষে রাজ্যজুড়ে সপ্তাহব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আন্তর্জাতিক নার্স দিবস উপলক্ষে গতকাল আগরতলা জিবি হাসপাতালের চিকিৎসক নার্সিং আধিকারিকরা মিলে রক্তদান শিবিরের আয়োজন করেন।

\*\*\*\*\*

**Badrinath shrine to open today :**

উত্তরাখণ্ডে, চামোলি জেলায় অবস্থিত বিখ্যাত বদ্রীনাথ মন্দিরের দরজা আজ ভক্তদের জন্য খুলেছে।

জমকালো উদ্বোধনের আগে পবিত্র স্থানটিকে গাঁদা ফুল দিয়ে সাজানো হয়েছে। বদ্রীনাথ ধামে ভক্তদের পৌঁছানোর প্রক্রিয়া ইতিমধ্যেই শুরু হয়েছে গতকাল থেকে।

বদ্রীনাথ ধামে ভক্তদের নির্বিঘ্নে দর্শনের সুবিধার্থে প্রশাসনিক স্তরে ব্যাপক ব্যবস্থা করা হয়েছে।

\*\*\*\*\*

#### **State wise chess :**

রাজ্যভিত্তিক অনূর্ধ্ব ৭ বছরের দাবা প্রতিযোগিতায় বালিকা বিভাগে এস দিলশাদ অপরাজিত চ্যাম্পিয়ন হয়েছে। এক পয়েন্ট পিছিয়ে থেকে রানার্স খেতাব পেয়েছে অবন্তিকা চক্রবর্তী। এছাড়া, ঐশানি ভৌমিকের পয়েন্ট সমান হলেও ভোকলসে পিছিয়ে তৃতীয় স্থান পেয়েছে। বয়স ভিত্তিক একই গ্রুপে ছেলেদের বিভাগে তৃতীয় রাউন্ডের খেলার শেষে প্রভজ্যোত ভট্টাচার্য ৩ পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছে। দেবরাজ ভট্টাচার্য সম সংখ্যক পয়েন্ট পেলেও ভোকলসে পিছিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে। বালক বিভাগে ১০ জন এবং বালিকা বিভাগে ৬ জন এই প্রতিযোগিতায় অংশ নিয়েছে। অপরদিকে রাজ্যভিত্তিক মহিলা দাবা প্রতিযোগিতা ৩ রাউন্ডের খেলা শেষে অর্শিয়া দাস অপরাজিত থেকে ৩ পয়েন্ট নিয়ে শীর্ষে রয়েছে। একান্তিকা সরকারও অপরাজিত থেকে ৩ পয়েন্ট পেলেও ভোকলসে এক ধাপ পিছিয়ে দ্বিতীয় স্থানে রয়েছে। দুই পয়েন্ট পেয়ে তৃতীয় স্থানে রয়েছে আরাধ্যা দাস। আজ অন্তিম তথা চতুর্থ রাউন্ডের খেলা হবে।

\*\*\*\*\*

#### **Weather :**

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুত সহ হালকা বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। তাপমাত্রা সর্বোচ্চ ৩৩ ডিগ্রী সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা পরিলক্ষিত হয় ২২.৬ ডিগ্রী সেলসিয়াস। আগামী চব্বিশ ঘণ্টায় রাজ্যের সব জেলায় বিক্ষিপ্তভাবে বজ্র বিদ্যুত সহ বৃষ্টি সঙ্গে ঘণ্টায় ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া বয়ে যাওয়ার সতর্কতা জারি করা হয়েছে।

\*\*\*\*\*